গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা-১২৬/২০২২-২০২৩**
**ময়মনসিংহ, ১২ এপ্রিল, বুধবার ২০২৩, ২৯ চৈত্র ১৪২৯**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। নীল অর্থনীতির সম্ভাবনাকে কাজে লাগানোর নির্দেশ প্রধানমন্ত্রীর

০২। পরিস্থিতি বিবেচনায় সারের দাম বাড়াতে বাধ্য হয়েছে সরকার: কৃষিমন্ত্রী

০৩। মিনিকেট নাম দিয়ে চাল বিক্রি ও ছাঁটাই রোধে আইনের খসড়া কেবিনেট মিটিংয়ে চূড়ান্ত অনুমোদন, জানিয়েছেন খাদ্যমন্ত্রী

০৪। প্রাথমিক বাছাইয়ে নিবন্ধন চাওয়া ১২ দলের কাগজপত্র ঠিক পেয়েছে ইসি

০৫। ময়মনসিংহের ধোবাউড়ায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন করেছেন জেলা প্রশাসক

## ০১। নীল অর্থনীতির সম্ভাবনাকে কাজে লাগানোর নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নীল অর্থনীতির অমিত সম্ভাবনাকে কাজে লাগাতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। মঙ্গলবার (১১ এপ্রিল) রাজধানীর শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলনকক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় সভাপতিত্বকালে তিনি এই নির্দেশ প্রদান করেন। প্রধানমন্ত্রী সভায় মোট দেশজ উৎপাদনে (জিডিপি) গৃহস্থালী কাজে নারীর অবদান হিসাব করার ব্যাপারেও নির্দেশনা প্রদান করেছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দিনের পালা ও দৈনিক হৃদয়ের বাংলা।

## ০২। পরিস্থিতি বিবেচনায় সারের দাম বাড়াতে বাধ্য হয়েছে সরকার: কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক জানিয়েছেন, বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতি এবং দেশের সার্বিক পরিস্থিতি বিবেচনায় সারের দাম বাড়াতে বাধ্য হয়েছে সরকার। মঙ্গলবার (১১ এপ্রিল) সচিবালয়ে নিজ দপ্তরের সামনে সাংবাদিকদের তিনি এ কথা জানান। তিনি বলেন, ‘দাম বাড়ানোর কারণে কৃষকের ওপর চাপ পড়বে, তবে উৎপাদন কমবে না। আমরা চাইবো বীজ বা অন্যভাবে কৃষকের ক্ষতি পুষিয়ে দিতে’। মন্ত্রী বিশ্ববাজারে দাম কমলে দেশের বাজারেও সারের দাম কমানো হবে বলে এসময় জানান। সূত্র: দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক জাহান, দৈনিক দেশের খবর ও দৈনিক আজকের ময়মনসিংহ।

## ০৩। মিনিকেট নাম দিয়ে চাল বিক্রি ও ছাঁটাই রোধে আইনের খসড়া কেবিনেট মিটিংয়ে চূড়ান্ত অনুমোদন, জানিয়েছেন খাদ্যমন্ত্রী

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার জানিয়েছেন, মিনিকেট নাম দিয়ে মানুষকে ঠকিয়ে চাল বিক্রি ও ছাঁটাই রোধে একটি আইন ইতিমধ্যে কেবিনেট মিটিংয়ে (খসড়া) চূড়ান্ত অনুমোদন হয়েছে। এখন সংসদে যাওয়ার অপেক্ষায়। এছাড়া মজুদ, স্থানান্তর, পরিবহন, সরবরাহ ও বিতরণসহ আইন অনুমোদিত হয়েছে। মঙ্গলবার (১১ এপ্রিল) দুপুরে নওগাঁর সাপাহার, পোরশা ও নিয়ামতপুর উপজেলার প্রান্তিক কৃষকদের মধ্যে ‘আউশ প্রণোদনা কর্মসূচি’ এর আওতায় ধানের বীজ ও সার বিতরণ অনুষ্ঠানে ঢাকা থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এসব কথা বলেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক জাহান ও দৈনিক আজকের খবর।

## ০৪। প্রাথমিক বাছাইয়ে নিবন্ধন চাওয়া ১২ দলের কাগজপত্র ঠিক পেয়েছে ইসি

প্রাথমিক যাচাই-বাছাইয়ে নতুন নিবন্ধন চাওয়া দলগুলোর মধ্যে ১২ দলের কাগজপত্র ঠিক পেয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এখন এসব দলের মাঠপর্যায়ের অফিসের খোঁজ নেবে সাংবিধানিক প্রতিষ্ঠানটি। মঙ্গলবার (১১ এপ্রিল) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে ইসি সচিব মো. জাহাংগীর আলম সাংবাদিকদের এ তথ্য জানান। প্রাথমিক বাছাইয়ে টিকলো যে ১২ দল: আমার বাংলাদেশ পার্টি, বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন, বাংলাদেশ হিউম্যানিস্ট পার্টি, গণঅধিকার পরিষদ, নাগরিক ঐক্য, বাংলাদেশ সনাতন পার্টি, বাংলাদেশ সুপ্রিম পার্টি, বাংলাদেশ লেবার পার্টি, বাংলাদেশ মাইনরিটি জনতা পার্টি, বাংলাদেশ পিপলস পার্টি, ডেমোক্রেটিক পার্টি ও বাংলাদেশ লিবারেল ডেমোক্রেটিক পার্টি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক জাহান ও দৈনিক দেশের খবর।

## ০৫। ময়মনসিংহের ধোবাউড়ায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন করেছেন জেলা প্রশাসক

ময়মনসিংহের ধোবাউড়ায় বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন করেছেন ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান। মঙ্গলবার (১১ এপ্রিল) ধোবাউড়া আশ্রয়ণ প্রকল্প পরিদর্শনকালে বসবাসরত বাসিন্দাদের খোঁজ খবর নেন জেলা প্রশাসক। এছাড়াও গোয়াতলা ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন ভূমি অফিসসহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন করেন তিনি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজকের খবর, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক কিষাণের দেশ।

## সম্পাদকীয়

(ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** বাংলাদেশে শিশুশ্রম নিষিদ্ধ হলেও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর পথশিশু জরিপ ২০২২ এর প্রতিবেদন মোতাবেক, দেশের প্রায় ৯৬ শতাংশ পথশিশু তাদের কর্মক্ষেত্রে কোনো না কোনোভাবে নির্যাতনের শিকার হয়। প্রতিবেদনের তথ্যগুলো নিঃসন্দেহে বেদনাদায়ক। কোনো শিশু যেন সমাজের দায় না হয়, আগামী দিনের সম্পদে পরিণত হয়, এটাই প্রত্যাশা।

(খ) **দৈনিক স্বজন, দৈনিক ঈষিকা, দৈনিক নিউ টাইমস, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক আজকের ময়মনসিংহ:** আগামী সপ্তাহ থেকে ঈদে ঘরেফেরার জন্য যাত্রা শুরু হবে। সরকারের পক্ষ থেকে এবারো ঈদে যাত্রীদুর্ভোগ কমাতে নানা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এতে করে যাত্রীদের ঈদযাত্রা হবে স্বস্তিদায়ক ও নিরাপদ।

(গ) **দৈনিক জাহান:** বিশ্বের বিভিন্ন দেশে কর্মসংস্থানের সুযোগ অন্বেষণ এবং সেখানে জনশক্তি পাঠানোর ওপর গুরুত্বারোপ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর আহ্বান অনুযায়ী বহির্বিশ্বে নতুন শ্রমবাজার খোঁজার পাশাপাশি বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষ জনশক্তি গড়ে তুলতে হবে।

(ঘ) **আজকের বাংলাদেশ:** মৃত্যু নিশ্চিত জেনেও ঝুঁকি নিয়ে সমুদ্রপথে ইউরোপে প্রবেশ করছে বাংলাদেশিসহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশের অভিবাসিরা। এতে তারা প্রতারণা ও হয়রানির শিকার হচ্ছে। অবৈধপথে বিদেশযাত্রা রোধে ও বিদেশে নিরাপদ কর্মসংস্থানের নিশ্চয়তার জন্য বৈধ পথে কম খরচে প্রবাসে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সরকারি উদ্যোগ এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে কর্মী প্রেরণ নিশ্চিত করা জরুরি।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। বঙ্গবাজার টু পুঁজিবাজার লোকালয়-দেবালয় একাকার- মোস্তফা কামাল (দৈনিক স্বজন)

০২। মহাত্মা হ্যানিম্যান মানবকল্যাণের এক উজ্জ্বল নক্ষত্র- আবুল কাসেম (দৈনিক ঈষিকা, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন, দৈনিক দেশের খবর, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক আজকের ময়মনসিংহ)

০৩। কৃষি উৎপাদন বাড়ানো সময়ের দাবি- বশিরুল ইসলাম (দৈনিক জাহান)

#

রিদওয়ান/ফয়সাল/রেজভী/সজিব/২০২৩/০৯.৩০ ঘণ্টা।